রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৩, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/২৯ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ৯৫-আইন/২০১৮।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে ভূমি সংস্কার বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) সংশোধিত নিয়োগ বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার :—

(ক) বিধি ১ এ উল্লিখিত "কর্মকর্তা ও" শব্দগুলি এবং বন্ধনী বিলুপ্ত হইবে;

(খ) বিধি ২ এর দফা (৬) এ উল্লিখিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে;

(গ) বিধি ২ এর দফা (৬) এর পর নিম্নরূপ নূতন দফা (৬ক) সন্নিবেশিত হইবে, যথা:—
"সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং";

(ঘ) বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) সন্নিবেশিত হইবে, যথা:—

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।"; এবং

(ঙ) তফসিলের পরিবর্তে নিম্নরূপ নূতন তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা:—


মূল্য : টাকা ৮.০০

"তফসিল

[বিধি ২(২)]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উপ-ভূমি সংস্কার কমিশনার | - | প্রেষণে বদলির মাধ্যমে | বি. সি. এস (প্রশাসন) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২ | চেয়ারম্যানের একান্ত সচিব | - | প্রেষণে বদলির মাধ্যমে | বি. সি. এস (প্রশাসন) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩ | সহকারী ভূমি সংস্কার কমিশনার | - | মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ প্রেষণে বদলির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে : প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; অথবা প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ. এস. সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রেষণে বদলির ক্ষেত্রে : বি. সি. এস (প্রশাসন) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৪ | হিসাব রক্ষণ কর্মকর্তা | - | প্রেষণে বদলির মাধ্যমে | বি সি এস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৫ | সহকারী প্রোগ্রামার | - | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬ | সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার | - | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules. 1985 অনুযায়ী। | |
| ৭ | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>উচ্চমান সহকারী বা হিসাব রক্ষক বা কম্পিউটার অপারেটর বা সাঁট-লিপিকার কাম কম্পিউার অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৮ | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা রেকর্ডকীপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) এম. এস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984 অনুযায়ী। |
| ৯ | হিসাব রক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রিসহ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা রেকর্ড কিপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি; এবং |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) এম. এস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-সহ বাণিজ্যে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) হিসাব সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ১০ | কম্পিউটার অপারেটর | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১১ | সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে:<br>সাঁট মুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>Stenographers and Steno typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী তবে ক্ষেত্রমতে, পদনাম পরিবর্তন এবং মুদ্রাক্ষর যন্ত্র ব্যবহারের পরিবর্তে কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতির ক্ষেত্রে, সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২ | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | Stenographers and Steno typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী তবে ক্ষেত্রমতে, পদনাম পরিবর্তন এবং মুদ্রাক্ষর যন্ত্র ব্যবহারের পরিবর্তে কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতির ক্ষেত্রে, সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। |
| ১৩ | অফিস সহকারী কাম কম্পিউটার, মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | Stenographers and Steno typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী তবে ক্ষেত্রমতে, পদনাম পরিবর্তন এবং মুদ্রাক্ষর যন্ত্র ব্যবহারের পরিবর্তে কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতির ক্ষেত্রে, সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪ | রেকর্ড কীপার | ৩০ বৎসর | মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং ৫০ (পঞ্চাশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) ক্যাশ সরকার বা ডেসপাস রাইডার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) এম. এস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) এম. এস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| ১৫ | ড্রাইভার | Gazetted and Non-gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ১৬ | ক্যাশ সরকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) পত্রবাহক ও অফিস সহায়ক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) এম. এস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শিতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) এম. এস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শিতা। |
| ১৭ | ডেসপাস রাইডার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে:<br>পত্রবাহক ও অফিস সহায়ক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি;<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মোটর সাইকেল চালনার লাইসেন্স। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮ | পত্র বাহক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ১৯ | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ২০ | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ২১ | পরিচ্ছন্নতাকর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে.এস.সি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জে.ডি.সি) বা অষ্টম শ্রেণি উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল জলিল**
সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১২, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ২২৯-আইন/২০১৮।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, ভূমি সংস্কার বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের ক্রমিক নং ১১ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত "সরাসরি নিয়োগের মাধ্যমে" শব্দগুলির পরিবর্তে "পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুল জলিল
সচিব

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০